

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ  
তথ্য ,সংস্কৃতি ও পর্যটন  
খুমলুঙ ,পশ্চিম ত্রিপুরা ।

---

১৯ মার্চ এডিসির বাজেট অধিবেশন

---

এডিসি।স-৯২

খুমলুঙ, ১২।৩।২০১০ইং

---

আগামী ১৯ মার্চ ২০১০ ইং ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের বাজেট অধিবেশন শুরু হচ্ছে । চলবে ২২শে মার্চ অবধি ।

এদিন সকাল ১১ টায় খুমলুঙস্থিত পরিষদীয় ভবনে এই অধিবেশন শুরু হবে । এই অধিবেশন এডিসির চেয়ারম্যান শ্রীশান্তি রঞ্জন রিয়াং আহ্বান করেছেন । এক বিজ্ঞপ্তিতে পরিষদীয় সচিব শ্রীপ্রমোদ দেববর্মা এ সংবাদ জানান ।

খুমলুঙে ২ কোটি ৫ লক্ষ টাকার ছাত্রাবাসের ভিত্তি প্রস্তর  
স্থাপন করেন মুখ্য নির্বাহী সদস্য

---

এডিসি।স-৯৩

খুমলুঙ, ১২।৩।২০১০ইং

---

আজ খুমলুঙস্থিত খুম্পুই একাডেমীর ১৫০ আসন বিশিষ্ট ছাত্রাবাসের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয় । এতে ব্যয় করা হবে ২ কোটি ৫ লক্ষ টাকা । এই ছাত্রাবাসের ভিত্তি প্রস্তর স্থাপন করে মুখ্য নির্বাহী সদস্য শ্রীরণজিৎ দেববর্মা চলতি অর্থ বছরের মধ্যেই এই ছাত্রাবাসের নির্মাণের কাজ সম্পন্ন করতে এডিসির পূর্ত দপ্তরকে নির্দেশ দেন । যাতে আগামী শিক্ষা বছরে চালু করা যায় । তিনি জানান গরীব ছেলেমেয়েরা শিক্ষার আলো থেকে যাতে বঞ্চিত না হয় সেক্ষেত্রে বিশেষ জোর দেওয়া হচ্ছে । শুধু তা নয় গ্রামীণ এলাকার মানুষের পানীয় জল , যোগাযোগ ও স্বাস্থ্য পরিষেবা বাড়ানোর লক্ষ্যে প্রয়োজনীয় প্রশাসনিক উদ্যোগ অব্যাহত রয়েছে ।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শিক্ষা বিভাগের নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা প্রত্যন্ত এলাকাগুলো উন্নয়ন করতে এডিসি ও রাজ্য সরকার প্রয়াস জারী রেখেছে । সঠিক সময়ে সঠিক ভাবে পড়াশুনা করে এগিয়ে যেতে তিনি খুমপুই এককাডেমীর ছাত্রছাত্রীদের পরামর্শ দেন । এই এককাডেমীর শিক্ষার পরিকাঠামো বাড়াতে ৮ জন শিক্ষক নিয়োগ করা হবে বলে শ্রীদেববর্মা জানান । এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এডিসির পূর্ত দপ্তরের তত্ত্বাবধায়ক শ্রীআর.আর.রিয়াং , পশ্চিম শাখার নির্বাহী বাস্তুকার শ্রীসুশীল দেববর্মা প্রমুখ ।

খুমলুঙে এডিসির কর্মী গোলাপী দেববর্মার মৃত্যুতে  
শোক সভা

---

এডিসি।স-৯৪  
খুমলুঙ, ১২।৩।২০।১০ইং

---

গতকাল খুমলুঙস্থিত প্রধান প্রশাসনিক ভবন প্রাঙ্গণে এডিসির লোক সংস্কৃতি কলেজের কর্মী গোলাপী দেববর্মার মৃত্যুতে শোক সভা করা হয়। সভায় প্রয়াত দেববর্মার আত্মার সদগতি কামনা করে ১(এক) মিনিট দাঁড়িয়ে নীরবতা পালন করা হয়। শোক প্রস্তাব পাঠ করেন প্রশাসন দপ্তরের নির্বাহী আধিকারিক শ্রীএস.কে.চাকমা। এছাড়া অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন শ্রীবাবুল দেবনাথ। উল্লেখ্য গত ১০ মার্চ গোলাপী দেববর্মা আগরতলায় শেষ নিশ্বাস ত্যাগ করেন।